

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচী
পল্লী ভবন (৭ম তলা)
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
Web:mcpmp.brdb.gov.bd


স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৮১.১৪.০১৪.১৯.১৮০

তারিখ: ১৯/০৬/২০২২ খ্রিঃ।

বিষয়: ২০২১-২০২২ অর্থবছরের প্রকল্পের সার্বিক কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করণার্থে কতিপয় নির্দেশনা প্রতিপালন।
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড(বিআরডিবি) কর্তৃক বাস্তবায়নাধীন 'দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচী (১ম সংশোধিত)' শীর্ষক প্রকল্পটি ০১ জানুয়ারি, ২০১৯ খ্রিঃ হতে ৩১ ডিসেম্বর, ২০২৩ খ্রিঃ মেয়াদে ৬৪ টি জেলার ২৫৬ টি উপজেলায় বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটি সঠিকভাবে বাস্তবায়নে অর্থবছরভিত্তিক কতিপয় কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পাদন একান্ত আবশ্যিক। সে প্রেক্ষিতে ২০২১-২২ অর্থবছরের আর্থিক কার্যক্রম সুষ্ঠু ও সুচারুভাবে সম্পাদনের নিমিত্ত কতিপয় নির্দেশনা প্রদান করা হলো:

- ১। ২০২১-২২ অর্থবছরের যাবতীয় আর্থিক ব্যয় ও লেনদেন আগামী ২৬-৬-২০২২ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। কোন অবস্থাতেই ২৬-৬-২০২২ খ্রি. তারিখের পর লেনদেন করা যাবে না। বিশেষত: চলতি অর্থবছরের ঋণ ও সঞ্চয় উক্ত সময়ের পর বিতরণ ও আদায় করা হতে বিরত থাকতে হবে। হিসাবের সঠিকতা প্রতিফলনের জন্য এ নির্দেশনা প্রদান করা হলো।
- ২। ২০২১-২২ অর্থবছরে প্রকল্প তহবিলের অর্থ অব্যয়িত থাকলে (ঋণ তহবিল ও সদস্যদের সঞ্চয় ব্যতীত) উক্ত অব্যয়িত অর্থ ২৮-৬-২০২২ খ্রি. তারিখের মধ্যে ১-৩৮০১-০০০১-২৬৭১ কোডে ড্রেজারী চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে এবং চালানের সত্যায়িত কপি mcpmp.ap@gmail.com ই-মেইলে প্রেরণ নিশ্চিত করতে হবে।
- ৩। ২৮-৬-২০২২ খ্রি. তারিখের মধ্যে অর্থবছরে প্রকল্পের যাবতীয় সাংগঠনিক ও আর্থিক কার্যক্রম সমাপনান্তে জুন'২০২২ মাসের অনলাইন রিপোর্ট শতভাগ এন্ট্রি সম্পাদন নিশ্চিত করতে হবে।
- ৪। ২০২১-২২ অর্থবছরের বাজেট ভ্যারিয়েন্স, ব্যয় বিবরণী, ক্যাশ একাউন্ট, ব্যাংক বিবরণী, ব্যাংক সমন্বয় বিবরণী (যদি থাকে) আগামী ৩০-৬-২০২২ খ্রি. তারিখের মধ্যে হার্ড কপি প্রকল্প সদর দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে।

বিষয়টি অতীব জরুরি।


(মোঃ তাফজেল হোসেন)
প্রকল্প পরিচালক
ফোন:-০২৮১৮০০৪৬

E-mail: pdmcpmp@gmail.com

প্রাপক:

১। উপপরিচালক

বিআরডিবি, জেলা দপ্তর (সকল)।

২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

বিআরডিবি, উপজেলা দপ্তর: (২৫৬), জেলা: ।

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৮১.১৪.০১৪.১৯.১৮০

তারিখ: ১৯/০৬/২০২২ খ্রিঃ।


অনুলিপি: অবগতি/সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

০১। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০২। অপ্রধান শস্য বিশেষজ্ঞ/শস্য উন্নয়ন কর্মকর্তা, দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচী, বিআরডিবি, উপঅঞ্চল (২০ টি)।

০৩। মাঠ সংগঠক, দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচী, বিআরডিবি, উপজেলা (২৫৬ টি)।

০৪। অফিস নথি।


(আবু নাসের মুহাম্মদ জাহাঙ্গীর আলম)
সহকারী পরিচালক
E-mail: ad2mcpmp@gmail.com